

# ছুটি শেষে কর্মবিরতিতে ইবি শিক্ষক সমিতি

আহসান হাবীব রানা, ইবি

২৬ জুন ২০২৪, ১২:০০ এএম



ঈদুল আজহা ও গ্রীষ্মকালীন ছুটি শেষে ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) দাপ্তরিক কার্যক্রম শুরু হয়েছে। দাপ্তরিক কার্যক্রম শুরুর দিন অর্ধদিবস কর্মবিরতি পালন করেছে ইসলামী বিশ্ববিদ্যালয় (ইবি) শিক্ষক সমিতি। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের আহ্বানে গতকাল অর্ধদিবস কর্মবিরতি পালন করেছেন তারা। তবে কর্মবিরতি চলাকালে পরীক্ষাসমূহ যথানিয়মে চলেছে।

অর্থ মন্ত্রণালয়ের জারি করা পেনশন সংক্রান্ত প্রজ্ঞাপন প্রত্যাহারসহ তিন দফা দাবিতে এ কর্মসূচি পালন করেছেন শিক্ষকরা। তাদের অন্য দুই দাবি হলো- প্রতিশ্রুত সুপার গ্রেডে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের অন্তর্ভুক্তি ও শিক্ষকদের জন্য স্বতন্ত্র বেতন স্কেল প্রবর্তন। শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মামুনুর রহমান বলেন, ফেডারেশনের সিদ্ধান্ত অনুযায়ী আমরা এ কর্মসূচি নিয়েছি। দাবি মানা না হলে ১ জুলাই থেকে সর্বাত্মক কর্মবিরতি পালন করব। ক্লাস-পরীক্ষাসহ যাবতীয় একাডেমিক কার্যক্রম আমরা বর্জন করব। এ সময় সংগঠনটির সভাপতি অধ্যাপক ড. আনোয়ার হোসেন বলেন, শিক্ষকদের সঙ্গে যদি এরকম বৈষম্যমূলক আচরণ করা হয়, তা হলে বিশ্ববিদ্যালয়গুলো যোগ্য শিক্ষক হারাবে। সিনিয়র শিক্ষকরা অবসরের পর ১ কোটি ১৫ লাখ টাকা পাবেন; কিন্তু বর্তমান শিক্ষকদের এই টাকার পরিমাণ অনেক কম হবে।

এর আগে ২৬ মে একই দাবিতে মানববন্ধন করেন শিক্ষকরা। পরে ২৮ মে সকাল ১০টা থেকে দুপুর ১২টা পর্যন্ত দুই ঘণ্টা কর্মবিরতি করেন। এ ছাড়া ৪ জুন সকাল ৯টা থেকে দুপুর ১টা পর্যন্ত অর্ধদিবস কর্মবিরতিতে যান শিক্ষকরা।

[সারা দেশ](#) থেকে আরও পড়ুন